

স্মৃতি ।

সে অতীত স্মৃতিটুকু আগে না কি হৃদে
 ওগো যোর হৃদয়ের পতি,
 তোমার বিরহ-ব্যথা ভেঙ্গে দেয় যদি
 ক্ষমা কর—ভেঙ্গে না সে স্মৃতি ।

অতীতের মধুময় প্রেমকথা যোর
 অনন্তের টানে গেছে মুছে ;
 আবারিছে সে কিরণ তমিস্রায় যোর
 —স্মৃতিটুকু শুধু পড়ে আছে ।

তারপর ছুটে যাই—অজানিত পথে
 নাহি জানি—এবে কিবা আশ ;
 এত মরীচিকা ঘেরা—ছুটি অহরহ
 —আর সখে, করোনা নিরাশ ।

মন-বিমোহন সাজে হৃদয়-আসনে
 নীরবে রয়েছে তুমি বসে ;
 স্মৃতি-তুলিকায় যোর প্রেমের প্রতিমা
 একে নেব মানসে মানসে ।

শ্রীসত্যেন্দ্রনাথ মুখোপাধ্যায়,
 দ্বিতীয় বার্ষিক শ্রেণী, 'সি' বিভাগ ।